দৈনিক সংবাদ

তারিখ ... 23 SEP. 1998 ...
পৃষ্ঠা ৪২ কলাম ৫ ......

84

# চাকসু ভেঙে দেয়া হচ্ছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম ঃ সুদীর্ঘ আট বছর পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রছাত্রী সংসদ (চাকসু) ভেঙে দেয়া হচ্ছে। আজ বুধবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের সভায় এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়ার পর আনুষ্ঠানিক ঘোষণা দেয়া হবে।

১৯৯০ সালের ৮ই ফেব্রুয়ারি সবর্শেষ চাকসু নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে ছাত্রলীগ ও ছাত্রদলসহ প্রগতিশীল ছাত্র সংগঠনসমূহের যৌথ উদ্যোগে গঠিত সর্বদলীয় ছাত্র ঐক্যের সাথে ছাত্র শিবিরের সরাসরি প্রতিদ্বন্দ্বিতা হয়। তীব্র প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ এই নির্বাচনে সর্বদলীয় ছাত্রঐক্যের নেতৃত্বাধীন প্যানেল সবকটি পদে জয়লাভ করেছিল।